



যুক্তরাষ্ট্র-বাংলাদেশ বাণিজ্যে নতুন অগ্রগতি শুরু কমিয়ে ১৯ শতাংশ



ছবি: সংগৃহীত

বাংলাদেশের জন্য যুক্তরাষ্ট্রের পারস্পরিক শুল্কহার কমিয়ে ১৯ শতাংশ নির্ধারণ করা হয়েছে। আগে এটি ৩৭ শতাংশ ছিল, পরে কমে ২০ শতাংশে আসে। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের তুলা ও কৃত্রিম তন্তু ব্যবহার করে তৈরি কিছু টেক্সটাইল ও পোশাক পণ্যে শূন্য শুল্ক সুবিধা দেওয়ার লক্ষ্যে বিশেষ ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে দেশটি। আলোচনার পুরো প্রক্রিয়ায় অ্যাথাসেডের গ্রিয়ার প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুসের নেতৃত্বের প্রশংসা করেন। তিনি বাংলাদেশের আলোচক দলের প্রচেষ্টাকেও উচ্চভাবে মূল্যায়ন করেন এবং বলেন, এই সমঝোতা যুক্তরাষ্ট্রের বাণিজ্য নীতির সঙ্গে বাংলাদেশের সম্পর্ককে আরও সমন্বিত করবে।

বাণিজ্য উপদেষ্টা শেখ বশির উদ্দিনের মতে, এই সমঝোতা দুই দেশের অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ককে নতুন মাত্রায় পৌঁছে দিয়েছে। তাঁর ভাষায়, এর ফলে উভয় দেশই একে অপরের বাজারে আরও বিস্তৃত প্রবেশাধিকার পাবে।

চুক্তিটি সোমবার উপদেষ্টা পরিষদের অনুমোদন পেয়েছে। দুই পক্ষ আনুষ্ঠানিক প্রজ্ঞাপন জারি করলে তা কার্যকর হবে।

LENS ASIA